

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ জানুয়ারী ২০২৩ খ্রি.

০৮ ফেব্রুয়ারি শুরু হচ্ছে চসিকের অমর একুশে বই মেলা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে ০৮ ফেব্রুয়ারি থেকে অমর একুশে বই মেলা শুরু হচ্ছে। চট্টগ্রাম নগরীর এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম চত্বরে ২১দিনব্যাপী এ বই মেলা অনুষ্ঠিত হবে। এবারের মেলার বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে ১৪ ফেব্রুয়ারি বসন্ত উৎসব উদযাপন।

আজ বুধবার টাইগারপাসস্থ চসিক নগর ভবনের সম্মেলন কক্ষে মেলার প্রস্তুতি সভায় চসিকের ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন বলেন, একুশে বই মেলা স্বাধীন বাংলাদেশের ঐতিহ্যবাহী বইমেলাগুলোর অন্যতম। উৎসবমুখর বাঙ্গালীর প্রাণের উৎসব এই বই মেলা হয়ে উঠে বাঙালির মিলন মেলা। তিনি বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় যারা বিশ্বাস করেনা তাদের প্রকাশিত বই যাতে মেলায় স্থান না পায় সে ব্যাপারে সকলকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। সভায় চট্টগ্রামের লেখক, প্রকাশক, কবি, সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, সংস্কৃতিকর্মী, পেশাজীবী ও চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের সদস্যদের সাথে অমর একুশে বইমেলায় প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

সভায় সভাপতিত্ব করেন চসিক শিক্ষা স্থায়ী কমিটির সভাপতি ও বই মেলা পরিষদের আহবায়ক ওয়ার্ড কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। এতে আরো বক্তব্য রাখেন-কাউন্সিলর আবদুস সালাম মাসুম, মো. আতাউল্লাহ চৌধুরী, সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, উপসচিব ও বই মেলার সমন্বয়ক আশেক রসুল চৌধুরী টিপু, মুক্তিযুদ্ধ গবেষক ডা. মাহফুজুর রহমান, সৃজনশীল প্রকাশক পরিষদের সভাপতি মহিউদ্দিন শাহ আলম নীপু, ড. আজাদ বুলবুল, সাধারণ সম্পাদক আলী প্রয়াস, দেওয়ান মাকসুদ আহমেদ, ড. গাজী গোলাম মওলা, সাইফুদ্দিন আহমেদ সাকী, শুকলাল দাশ, অধ্যাপক ড. শামসুদ্দিন শিশির, আবদুল হালিম দোভাষ, কবি আইয়ুব সৈয়দ, শাহাবুদ্দিন মজুমদার, রাশেদ হাসান, আ.ফ.ম মোদাচ্ছের আলী, রাজীব রাহুল, দীপেন চৌধুরী, দিপক কুমার দত্ত, নুরুল আবছার, এড. মিলি চৌধুরী, মর্জিনা আকতার, নিশাত হাসিনা শিরিন, বিশ্বজিৎ পাল, শাহাবুদ্দিন হাসান বাবু, দেবশীষ রুদ্র, মিজানুর রহমান শামিম, নজরুল ইসলাম মোস্তাফিজ, প্রণব চৌধুরী, জয়নুদ্দিন আহম্মদ প্রমুখ।

সভাপতির বক্তব্যে ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু জানান, অমর একুশে বই মেলা উপলক্ষে ১৮ই জানুয়ারী থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়েব সাইট থেকে প্রকাশকরা স্টল বরাদ্দের ফরম সংগ্রহ করতে পারবেন। তিনি এবারের বই মেলায় বিদেশী কুটনৈতিক মিশন, বাংলা একাডেমী ও শিশু একাডেমীকে স্টল বরাদ্দের প্রস্তাব করলে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এছাড়াও বইমেলায় বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার, শিশুতোষ কর্ণার, স্মার্ট বাংলাদেশ কর্ণার, মিডিয়া কর্ণার, লেখক আড্ডা, নতুন বই মোড়ক উন্মোচনসহ মেলাকে সফল করার লক্ষ্যে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

জননেতা এম এ আজিজের মৃত্যু বার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলী জানাতে গিয়ে ভারপ্রাপ্ত মেয়র
এম এ আজিজ ছিলেন এক দফার প্রবক্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন, জননেতা এম এ আজিজের ৫২তম মৃত্যুবার্ষিকীতে তাঁর কবরে মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদনকালে তিনি বলেন, জননেতা এম এ আজিজ ছিলেন জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অন্যতম রাজনৈতিক সহচর। এম এ আজিজ বঙ্গবন্ধুর ৬ দফাকে এক দফায় পরিণত করে বাঙ্গালি জাতি সত্তার ইতিহাসে আপন মহিমায় উদ্ভাসিত হয়ে আছেন। বঙ্গবন্ধু এম এ আজিজকে চট্টগ্রামের রাজনীতির অভিভাবক হিসেবে মনে করতেন। বাঙ্গালির মুক্তির সনদ ৬ দফা বাস্তবায়নের পকিস্তানের শাসক গোষ্ঠীর যখন অসম্মতি ও নানা ধরনের যড়যন্ত্রে লিপ্ত হয় তখন এম এ আজিজই বলেছিলেন ৬ দফা বাস্তবায়নে কোন ধরনের যড়যন্ত্র বরাদ্দান্ত করা হবে না। তাই ৬ দফা নয় বাঙ্গালি এক দফা দাবী নিয়ে পশ্চিম পকিস্তান স্বৈরশাসকের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। বঙ্গবন্ধুর রাজনৈতিক সহচর এম এ আজিজ ছিলেন সত্যিকার অর্থে একদফার প্রবক্তা। আজ বুধবার সকালে হালিশহরস্থ জননেতা এম এ আজিজের কবরে শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে তিনি একথা বলেন।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, চট্টগ্রামের কৃতি সন্তান এম এ আজিজের রাজনৈতিক জীবন থেকে শিক্ষা নিতে পারলে আগামী দিনে বঙ্গবন্ধুর কাঙ্ক্ষিত সোনার বাংলা গড়া সম্ভব হবে। তিনি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ রূপান্তরে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীদের তৈরী হতে আহ্বান জানান। শ্রদ্ধা নিবেদনকালে উপস্থিত ছিলেন- এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর নুর মোস্তাফা টিনু, আবদুল মান্নান, লায়ন মো. ইলিয়াছ, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত।

এছাড়া ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন তাঁর দায়িত্ব গ্রহণের প্রথম দিনে চসিক অস্থায়ী নগর ভবনের সম্মুখ চত্বরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর নুর মোস্তাফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা খালেদ মাহমুদ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. হুমায়ুন কবির চৌধুরী, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, সিবিএ'র ভারপ্রাপ্ত সভাপতি জাহিদুল আলম চৌধুরী প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩